কালীগঞ্জে গৃহহীনকে পাকা ঘর উপহার

মুজিব শতবর্ষ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ উপহার হিসেবে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) সুবোল বোস মনিরের নিজস্ব অর্থায়নে কোলা ইউনিয়নের খালকুলা গ্রামে নির্মিত ঘরের শুভ উদ্বোধন এবং উপকারভোগীর নিকট ঘরের চাবি হস্তান্তর করা হয়েছে।

এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত সচিব সুবোল বোস, কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার সূবর্ণা রানী সাহা। নতুন ঘর পেয়ে উপকার ভোগী পরিবার আবেগে আপ্লুত হয়ে প্রধানমন্ত্রীর দীর্ঘায়ু কামনা করেন।

এ সময় জেলা মৎস্য অফিসার (যশোর), উপজেলা প্রাণিসম্পদ অফিসার (কালীগঞ্জ), উপজেলা মৎস্য অফিসার, কোলা ইউপি চেয়ারম্যান সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

এছাড়াও কালীগঞ্জের বিভিন্ন এলাকায় গৃহহীনদের ঘর নির্মাণের কাজ চলমান রয়েছে।

কালীগঞ্জে অসহায়দের মাঝে কম্বল বিতরণ

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার অসহায়, দরিদ্র, শীতার্তদের মাঝে কম্বল বিতরণের উদ্দেশ্যে উপজেলার সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের নিকট কম্বল হস্তান্তর করেন ঝিনাইদহ ৪ আসনের সংসদ সদস্য মোঃ আনোয়ারুল আজীম (আনার)।

গতকাল শনিবার রাতে উপজেলা পরিষদ চত্বরে কালীগঞ্জ উপজেলার সকল ইউপি চেয়ারম্যানের উপস্থিতিতে দরিদ্র, অসহায় মানুষদের জন্য বরাদ্দকৃত কম্বল হস্তান্তর করেন।

এসময় সেখানে উপস্থিত ছিলেন, কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার সূবর্ণা রানী সাহা, কালীগঞ্জ উপজেলা ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী সহ অনান্যরা উপস্থিত ছিলেন।

এম পি আনার বলেন, শেখ হাসিনার নেতৃত্বে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ, এই শীতে কোনো মানুষ যেনো কষ্টে না থাকে তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন বলে জানান তিনি।

গায়ে রং লাগিয়ে বিদেশি মুরগির বাচ্চা বানানোর অভিযোগ

ঝিনাইদহের কালীগঞ্জে পোল্ট্রি মুরগির বাচ্চরা গায়ে বিভিন্ন রং করে বিদেশি উন্নত জাতের বাচ্চা বলে প্রতারণার মাধ্যমে বেশি দামে বিক্রির অপরাধে রুবেল হোসেন (২০) নামে এক প্রতারক কে আটক করেছে পুলিশ।

গতকাল শুক্রবার দুপুর দুইটার দিকে কালীগঞ্জ কালীবাড়ির মোড় থেকে তাকে আটক করা হয়। আটক রুবেল নরসিংদি জেলার রায়পুরা থানার সদরকান্দী গ্রামের সিরাজ মিয়ার ছেলে।

জানা গেছে, প্রতারক রুবেল সকাল থেকে প্রায় ৩শ পোল্ট্রির বাচ্চা বিক্রি করে। গ্রাম থেকে বাজারে আশা সহজ সরল মানুষ গুলি তার প্রতারণার শিকার হন।

প্রতারক রুবেল ইন্টারনেট থেকে বিভিন্ন উন্নত জাতের রং বে রং এর মুরগির ছবি দেখিয়ে ক্রেতাদের আকৃষ্ট করতো । তার এই ছবি দেখে সাধারন মানুষ আকৃষ্ট হয়ে বেশি দামে এই পোল্ট্রির মুরগির বাচ্চা কিনে প্রতারণার শিকার হন।

কালীগঞ্জ থানা অফিসার ইনচার্জ (ওসি) মাহফুজুর রহমান মিয়া জানান, প্রতারণার মাধ্যমে বিভিন্ন রং করে বাচ্চা বিক্রি করছে এমন সংবাদ পেয়ে রুবেল নামের এক জনকে আটক করা হয়েছে। তদন্তের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

কালীগঞ্জে যাত্রীবাহী বাস খাদে পড়ে নিহত ১, আহত ৪

কালীগঞ্জ- দর্শনা সড়কের কালীগঞ্জ উপজেলার লাউতলা নামক স্থানে যাত্রীবাহী বাস নিয়ন্ত্রণ হারিয়ে খাদে পড়ে বাসের হেলপার নিহত ও আরও ৪ জন আহত হয়েছেন। নিহতের নাম মিরাজ (২০)। তার বাড়ি কালীগঞ্জ উপজেলার রঘুনাথপুর গ্রামে গ্রামে।

বৃহস্পতিবার (১০ ডিসেম্বর) সকাল ৮ টার দিকে এই ঘটনা ঘটে। ঘটনার পর স্থানীয় এলাকাবাসী, ফায়ার সার্ভিসের কর্মীসহ পুলিশ সদস্যরা এসে উদ্ধার তৎপরতা চালায়। হতাহতরা সবাই বাসের যাত্রী।

ফায়ার সার্ভিস ও স্থানীয়রা জানান, সকাল আটটার দিকে কালীগঞ্জ থেকে কোটচাঁদপুর যাওয়ার পথে শাপলা পরিবহনের একটি যাত্রীবাহী বাস (যশোর- জ- ১১-০০২২) কুয়াশার কারনে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশের খাদে পড়ে যায়। এসময় বাসের হেলপার নিহত এবং ৪ যাত্রী আহত হন।

কালীগঞ্জ ফায়ার সার্ভিসের কর্মকর্তা শেখ মামুনুর রশিদ জানান, দুর্ঘটনার খবর পেয়ে স্থানীয় জনতা, ফায়ার সার্ভিস ও পুলিশ সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে একজনের লাশ উদ্ধার করেন। আহতদের নাম পরিচয় জানা যায়নি। দুর্ঘটনা কবলিত বাসটি উদ্ধারে চেষ্টা চালাচ্ছে পুলিশ।

ঝুঁকি বাড়াচ্ছে ঘন কুয়াশা, রাস্তায় যানবাহন চলছে হেডলাইট

জ্বালিয়ে

সম্প্রতি শীতের আবহাওয়া শুরু হয়ে দিন দিন তা বেড়েই চলছে। দিন গড়িয়ে রাত পেরনোর পর ক্রমেই বাড়ছে কুয়াশার তীব্রতা।

আজ বুধবার যশোর ঝিনাইদহ মহাসড়ক ঘুরে দেখা গেছে, নিমতলা, কলাহাটা মোড়, বৈশাখী পাম্প মোড়সহ একাধিক বাঁক রয়েছে। রাতের আঁধারে সেই সাথে কুয়াশার প্রভাবে ওই সব এলাকার সড়ক দিয়ে চলাচল করা হয়ে ওঠে ঝুঁকিপূর্ণ।

কালীগঞ্জ উপজেলার মহাসড়কে যানবাহনগুলো সকাল আটটার সময়ও হেডলাইট জ্বালিয়ে চলাচল করছে।

এরমধ্যে বিষয় খালী, দুলাল মুন্দিয়া, রঘুনাথপুর, বারোবাজারসহ একাধিক স্থানে ছোটখাট বাসস্ট্যান্ড রয়েছে। এসব স্থানে আলোর ব্যবস্থা থাকলেও মহাসড়কের দীর্ঘপথটা ফাঁকা রয়েছে।

মহাসড়কের ফাঁকা দু’পাশে কুয়াশা বুঝিয়ে দিচ্ছিলো বিস্তীর্ণ ফসলি জমি সেখানে। এসব ফাঁকা স্থান দিয়ে তীব্র বেগে ধেয়ে আসতে থাকে কুয়াশা। এসব এলাকায় চালকদের বেপরোয়া গতিতে গাড়ি চালানোর দৃশ্যটা ভয় পাওয়ার মত।

আগমুন্দিয়া এলাকায় হোটেলে বসা সোহেল, মোবারক, জুয়েলসহ কয়েকজন বাস ও ট্রাকচালকের সঙ্গে কথা হয়। তারা জানান, জোড়াতালির মহাসড়ক মাড়িয়ে তাদের যানবাহন চালাতে হচ্ছে। এর মধ্যে আবার যোগ হয়েছে তীব্র শীত ও ঘন কুয়াশা। এছাড়া সম্প্রতি সারাদেশে শীতের আবহ বেড়েছে অনেকটা।

চালক সুবাস দাস জানান, ট্রাকের সময় নির্ধারণ না থাকলেও বাসকে সময় মেনে চলাচল করতে হয়। এ কারণে ট্রাকচালকদের তুলনায় বাস চালকরা অনেকটা বেপরোয়া গতিতে গাড়ি চালান। সেক্ষেত্রে তারা তীব্র কুয়াশার মধ্যেও একই কাজটি করেন। এতে দুর্ঘটনার ঝুঁকি থাকে, থাকে জীবন হারানোর ঝুঁকি।

এরপরও সবাই বেপরোয়াভাবেই গাড়ি চালায়। মহাসড়কের রাস্তার দু’পাশ থেকে মাঝেমধ্যেই কুয়াশা যেন চেপে বসে। তখন সবকিছু যেন দৃষ্টিসীমার বাইরে চলে যাওয়ার মত অবস্থা হয়। দুর্ঘটনা এড়াতে চালক যানের গতি নিয়ন্ত্রণে আনতে বাধ্য হন।

যানবাহন চালকরা আরও জানান, কুয়াশার মধ্যে সন্ধ্যার পর মহাসড়ক দিয়ে শহরগুলোতে যেতে বেশ সমস্যায় পড়তে হচ্ছে। ফাঁকা স্থানে কুয়াশার দাপট বেশি। তাই গাড়ি চালাতে হচ্ছে ধীরগতিতে। চারদিক থেকে কুয়াশা চেপে ধরে, যেন কিছুই চোখে পড়তে চায় না। তখন গাড়ি থামিয়ে সামনের গ্লাসে পানি দিয়ে পরিষ্কার করতে হয়।

এদিকে আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদরা বলছেন, সম্প্রতি শীতের আবহ বেড়েছে। সময় গড়িয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে বাড়ছে শীতের মাত্রা। এর প্রভাব সারা দেশে। দিন যত যাবে কুয়াশার দাপট ততই বাড়বে। এ মাসে দুইটি শৈত্য প্রবাহ হওয়ার কথাও জানিয়েছেন তারা। কুয়াশার প্রভাবে ঢাকা, সিলেট, চট্রগ্রাম সহ সারা দেশের সাথে উপজেলার যোগাযোগ ব্যবস্থা ব্যহত হচ্ছে।

কালীগঞ্জে নতুন ইট তৈরিতে ব্যস্ত সময় পার করছে শ্রমিকেরা

কাদা মাটি দিয়ে নতুন ইট তৈরিতে ব্যস্ত সময় পার করছেন ঝিনাইদহের কালীগঞ্জের ইট ভাটা শ্রমিকরা। প্রতিদিন ভোর থেকে বিকাল পর্যন্ত ইট তৈরি আর ইট সাজানোর কাজ করছেন তারা।

এক দিনে ৬০০ থেকে ৭০০ টাকা মজুরি আসে, এমনটিই বলেছেন শ্রমিকরা। কালীগঞ্জের নিউ জলিল ব্রিকস ইট-ভাটা ঘুরে দেখা যায়, অগ্রায়ণ মাসের শুরু থেকে শুরু হয়েছে ভাটায় ইট তৈরির সব কার্যক্রম। ভাটার আশপাশের ইট তৈরির স্থানগুলোকে পরিস্কার করে তা সমান করা হয়েছে।

ইট তৈরির জন্য লাল ও পলি জাতীয় মাটি ব্যবহার করছেন তারা। মাটিগুলোকে পানি দিয়ে ১২ ঘন্টা ভিজিয়ে রাখা হয়েছে। পরে সেই ভিজা মাটিগুলোকে মেশিন দ্বারা ইট তৈরি করা মতো উপযুক্ত করছেন। আবার শ্রমিকরা ইট তৈরি করে শুকানোর জন্য সাজিয়ে রেখেছেন। সেগুলো শুকাতে সময় লাগবে প্রায় ৩ থেকে ৪ দিন।

পরে পোড়ানোর জন্য ভাটার ভিতরে ইট সাজানো হয়। প্রথমে ভাটায় আগুন দিলে তা পুড়ে ইট তৈরি হতে প্রায় সময় লাগে ১৫ দিন।

ভাটায় কয়েকটি মিল থাকে, আর সেই মিলগুলোতে ১৬ থেকে ২০ জন অর্থাৎ জোড়া হিসেবে শ্রমিক থাকে। অর্ধেক শ্রমিক ইট তৈরি করেন আর অর্ধেক শ্রমিক ইট বানানোর জন্য কাদা তৈরি করেন। এক হাজার ইট তৈরি করলে, ভাটা মালিক তার মজুরি দেন ৬০০ থেকে ৬২০ টাকা। আর এই টাকার অর্ধেক করে ভাগ পায় ইট তৈরি শ্রমিক ও কাদা তৈরি শ্রমিকরা।

কালীগঞ্জ উপজেলায় প্রায় ৩০ টির মত ইট ভাটায় চলছে ইট তৈরির কর্মব্যস্ততা।

কালীগঞ্জে স্বেচ্ছাসেবক দলের প্রতিনিধি সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের কালীগঞ্জে বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের উপজেলা ও পৌর শাখার প্রতিনিধি সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকাল ১১ টায় শহরের এম.ইউ কলেজিয়েট স্কুল প্রাঙ্গণে এ প্রতিনিধি সভা অনুষ্ঠিত হয়।

কালীগঞ্জ পৌর স্বেচ্ছাসেবক দলের সভাপতি তোফাজ্জেল হোসেন তপনের সভাপতিত্বে প্রতিনিধি সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক দলের সহ-সভাপতি আলহাজ্ব মো. জামির হোসেন। প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক দলের সহ-সভাপতি মো. তৈয়েবুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় যুগ্ম-সম্পাদক ডি.জেড.এম হাসান বিন শফিক সোহাগ, সহ-সাধারণ সম্পাদক মোফাজ্জেল হোসেন নিটল, আকরাম হোসেন, সহ-সাংগঠনিক সম্পাদক হাসিবুর রহমান মুন্না, এস.এম গালিব ইমতিয়াজ নাহিদ, সহ-সাধারণ সম্পাদক এ্যাডভোকেট শহিদুল ইসলাম, ইফতেখারুজ্জামান শিমুল, কোষাধ্যক্ষ আবু সাঈদ মো. কামরুজ্জমান জাপান, সহ-সাংগঠনিক সম্পাদক ইফতেখার সেলিম অগ্নি, ঝিনাইদহ জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি ও কেন্দ্রীয় সহ-সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পপ্পু, সহ-সাংগঠনিক সম্পাদক একরামুল হক হেলাল, রবিউল ইসলাম পলাশ, রবিউল ইসলাম প্রমুখ।

প্রতিনিধি সভা পরিচালনা করেন ঝিনাইদহ জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক রেজাউল ইসলাম।

এ সময় কেন্দ্রীয় নেতৃবৃন্দ কালীগঞ্জ উপজেলা ও পৌর স্বেচ্ছাসেবক দলের বিভিন্ন পদে পদ প্রত্যাশীদের সাক্ষাতকার গ্রহণ করেন ও তাদের বক্তব্য শোনেন। উপজেলা ও পৌর শাখার নতুন কমিটি ঘোষণা করা হবে বলে কেন্দ্রীয় নেতারা জানান।

কালীগঞ্জে তরিকুল ইসলামের মৃত্যু বার্ষিকীতে আলোচনা ও দোয়া মাহফিল

ঝিনাইদহের কালীগঞ্জে সাবেক মন্ত্রী ও বিএনপি’র স্থায়ী কমিটির প্রয়াত সদস্য তরিকুল ইসলামের ২য় মৃত্যু বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।
বুধবার সকালে শহরের থানা রোডস্থ দলীয় কার্যালয়ে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

কালীগঞ্জ উপজেলা বিএনপির আহবায়ক আলহাজ্ব মাহবুবার রহমানের সভাপতিত্বে আলোচনা সভায় উপস্থিত ছিলেন উপজেলা বিএনপি’র সিনিয়র যুগ্ম-আহবায়ক ডা: নুরুল ইসলাম, আয়নাল হাসান, তবিবুর রহমান মিনি, পৌর বিএনপির সিনিয়র যুগ্ম-আহবায়ক নজরুল ইসলাম তোতা, নজরুল ইসলাম, উপজেলা বিএনপির যুগ্ম-আহবায়ক শহিদুল ইসলাম সাইদুল, পৌর বিএনপির যুগ্ম-আহবায়ক আনোয়ার হোসেন, জাবেদ আলী, মোহাম্মদ আলী জিন্নাহ, উপজেলা বিএনপি নেতা লিয়াকত আলী মাস্টার, আলী মোর্তুজা লিটু, প্রভাষক মুসা করিম, আবু বক্কর রাজু, জাহিদ হাসান, পৌর বিএনপি নেতা শওকত হোসেন ফেলু, আব্দুর রব, মহিউদ্দিন মহি, ফারুক হোসেন, শাহাজান আলী, উপজেলা যুবদল নেতা সুজাউদ্দিন পিয়াল, মোস্তফা কামাল টিটো, মঞ্জুরুল ইসলামত খোকা, আজিজুল ইসলাম লস্কার,

পৌর যুবদল নেতা জাহিদুল ইসলাম জাহিদ, ফিরোজ কবির, আসাদুল ইসলাম

আসাদ, আব্দুল লতিফ, ইমরান হোসেন, টিটন হোসেন, জাকির হোসেন, আতিয়ার রহমান মেম্বর, শ্রমিক দলের আব্বাস উদ্দিন, ফরিদ হোসেন, সবুজ হোসেন, মৎস্যজীবী দলের পৌর আহবায়ক নাজমুল কবির রিপন, পৌর তাঁতীদলের সদস্য সচিব জাহাঙ্গীর হোসেন, কৃষকদলের দলের নেতা আমিন মোল্লা, রুহুল আমিন মেম্বর, স্বেচ্ছাসেবক দলের নেতা দেলোয়ার হোসেন, সোহেল রানা,

এসএম মাসুম পারভেজ, জাহাঙ্গীর হোসেন, আলমগীর হোসেন আলম, ঢাকা মহানগর দক্ষিণ ছাত্রদলের সহসভাপতি রাশিদুজ্জামান তুফান, উপজেলা ছাত্রদলের আহবায়ক মারুফ বিল্লাহ, সদস্য সচিব মৌসুম উদ্দিন শোভন, যুগ্ম-আহবায়ক আলাউদ্দিন আলা, পৌর ছাত্রদলের আহবায়ক জুয়েল রানা, সদস্য সচিব তরিকুল ইসলাম, যুগ্ম-আহবায়ক আশরাফুল ইসলাম নিরব, কলেজ ছাত্রদলের সদস্য সচিব কামরুল ইসলাম, যুগ্ম-আহবায়ক আলামিন হোসেন প্রমুখ।

এ সময় বক্তারা বলেন, মরহুম তরিকুল ইসলাম ছিলেন গণমানুষের রাজনীতির সাথে আজীবন যুক্ত। দেশ ও দশের প্রতি সহমর্মী এই মানুষটি সবসময় নিজ আদর্শে ছিলেন অবিচল। জাতীয়তাবাদী রাজনীতির কল্যাণে গণমানুষের ভাগ্যের পরিবর্তন ঘটিয়ে সামাজিক ন্যায়বিচার ভিত্তিক শোষণমুক্ত সমাজ এবং গণতান্ত্রিক, মানবিক ও কল্যাণমুখী রাষ্ট্র প্রতিষ্ঠাই ছিল মরহুম তরিকুল ইসলামের রাজনীতির মূল লক্ষ্য। এ লক্ষ্যে তিনি নিরলস ভাবে কাজ করেছেন আজীবন।

মারা গেলেন কালীগঞ্জের প্রবীণ সাংবাদিক রাজ্জাক

ঝিনাইদহের কালীঞ্জের প্রবীণ সাংবাদিক এবং মোবারকগঞ্জ চিনিকলের অবসরপ্রাপ্ত কর্মকর্তা বিশ্বাস আব্দুর রাজ্জাক (৬২) মারা গেছেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)। তিনি হৃদরোগে আক্রান্ত হয়ে বৃহষ্পতিবার রাত ১২ টায় মারা যান।

সাংবাদিক আব্দুর রাজ্জাক দীর্ঘ ৪০ বছরের সাংবাদিকতার জীবনে, দৈনিক আজাদ, ইত্তেফাক, আজকের কাগজ, পূর্বাঞ্চাল পত্রিকায়

কালীগঞ্জ উপজেলা প্রতিনিধি হিসেবে কাজ করেছেন। সর্বশেষ তিনি ঢাকা থেকে প্রকাশিত খোলাকাগজের কালীগঞ্জ প্রতিনিধি ছিলেন।

তিনি মোবারকগঞ্জ চিনিকলের ভান্ডার কর্মকর্তা পদ থেকে গত এক বছর আগে অবসরে যান। মৃত্যুকালে তিনি স্ত্রী, ২ পুত্র ও ১ কন্যা সন্তানসহ অসংখ্য গুণাগ্রাহী রেখে গেছেন।

শুক্রবার বাদ জুম্মা সরকারি ভূষণ স্কুল মাঠে তার জানাযার নামাজ অনুষ্ঠিত হয়, জানাযার কালীগঞ্জের সকল সাংবাদিক, মোবারক গঞ্জ সুগারমিল এর কর্মচারী কর্মকর্তা সহ কালীগঞ্জ সকল স্তরের মানুষ যোগ দেন।

সাংবাদিক আব্দুর রাজ্জাকের মৃত্যুতে গভীর শোক ও শোকাহত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন ঝিনাইদহ -৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার, কালীগঞ্জ উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর সিদ্দিক ঠান্ডু, কালীগঞ্জ পৌরসভার মেয়র আশরাফুল আলম আশরাফ, উপজেলা ভাইস চেয়ারম্যানসহ শিবলী নোমানী কালীগঞ্জের বিশিষ্ট জনেরা।

কালীগঞ্জে ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহের কালীগঞ্জে ফেনসিডিলসহ বসিরুল ইসলাম বসির (৪৫) নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে থানা পুলিশ। এসময় তার কাছ থেকে ১৩০ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়েছে।

বুধবা দুপুরে শহরের আয়েশা খাতুন তেল পাম্পের সামনে থেকে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়েছে। আটক বসির শহরের আড়পাড়া এলাকার গোলাম সরোয়ারের ছেলে।

কালীগঞ্জ থানার ওসি মুহা: মাহফুজুর রহমান মিয়া জানান, গোপন সংবাদের ভিত্তিতে শহরের আয়েশা খাতুন তেল পাম্প এলাকায় এসআই সুজাত আলী ও এএসআই তারিকুজ্জামানসহ সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে

১৩০ বোতল ফেনসিডিলসহ বশির নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে।

তার বিরুদ্ধে কালীগঞ্জ থানায় মাদক আইনে মামলা হয়েছে।